SUTAHATA P.S. * PURBA MEDINIPUR *

W.B.P. Form No. 27

# FIRST INFORMATION REPORT

1325

First Information of a cognizable crime reported under section154 Cr. P. C. at P.S.

1. Dist. Purba MDP Sub-Divn. Haldia P.S. Sutahata Year 2017 FIR NO 125/17 Date 09/04/17
2. I) Act IPC Section 448/323/325/354/379/506 Sections
2. ii) Act Section iv) Other Act & Sections
3. a) General Diary Reference : Entry No. 348 Time at 12:15 hrs.
   b) Occarrence of Offence : Day Wednesday Date 15/03/17 Time at about 08:00hrs.
   c) Information received Date 09/04/17 Time at 12:15 hrs.
   G. D. No. 348 at the Police Station :
4. Type of Information. Written / Oral MP NO-46/17-II
5. Place of Occurrence a) Direction and Distrance from P. S. 07 K.M north/west from P.S.
   b) Address Vill- Gobindapur, P.O.- Bajitpur, JL NO- 42, Anchal- Chaitanyapur PS- Sutahata, Dist- Purba Medinipur
   c) In cash outside limit of this Police Station, then the name of P.S.
   District
6. Complaint /Informant :
   a) Name Swapan Mondal
   b) Father's / Husband's Name Lt. Gurupada Mondal
   c) Date/Year of Birth
   d) Nationality INDIAN
   e) Address Vill- Gobindapur, Po- Gobindapur-Bajitpur, P.S.- Sutahata
7. Detaluis Known/Suspected/Unknown/Accused with full particulars (1) Noru Adhikary S/o- Dulal Adhikary Vill- Gobindapur Po- Gobindapur - Bajitpur PS- Sutahata Dist- Purba MDP
   (Attach separate sheet, if necessary)
8. Reasons for dealy in reporting by the Complaint/Informant
9. Particular of properties stolen / involved : (Attach separete sheet, if required) :
10. Total value of Properties stolen / involved :
11. Inquest report / U.D. : Case No. if any :
12. FIR Contents : (Attach separate sheets, if required) : The original written court complaint which is treated as FIR is attached here with.
13. Action taken : Since the above report reveals commission of offence (s) u/s 448/323/325/379/354/506 IPC.

register the case and ~~took up the investigation~~/directed ASI B. K. Dhara of this PS to take up the investigation

transferred to P. S. ......... on point of jurisdiction FIR read over to the Complaint / informant, admitted to be correctly recorded and given to the Complainant/Informant free of cost.

Signature / Thumb Impression of the Complainant /Informant: Court Comp.

Signature of the Office-in-charge, Police Station with (signature) 09.04.17

Name JALESWAR TEWARI

Rank SI of Police

Number, if any O/C Sutahata PS

Officer-in-Charge
Sutahata PS
Purba Medinipur

DR-2775 10/4/17

FILED ON

67/86

Sudeb Mandal
Subrata Mandal
Adv.

মোকাম অতিরিক্ত মুখ্য বিচার বিভাগীয় বিচারক-২, হলদিয়া আদালত
এম. পি. নং-46-/২০১৭-17

| বাদী | আসামী |
|---|---|
| শ্রী স্বপন মন্ডল | শ্রী নাড়ু অধিকারী |
| পিতা- মৃত গুরুপদ মন্ডল, | পিতা-দুলাল অধিকারী |
| সাং-গোবিন্দপুর, | সাং-গোবিন্দপুর, |
| পোঃ-গোবিন্দপুর-বাজিতপুর, | পোঃ-গোবিন্দপুর-বাজিতপুর, |
| থানা-সুতাহাটা, জেলা-পূর্বমেদিনীপুর। | থানা-সুতাহাটা, জেলা-পূর্বমেদিনীপুর। |

Received on 04/4/17 at 12:15 hrs. and started Sutahata PS Case No. 125/17 dt 04/04/17 U/S-448/323/325/354/379/506 IPC.

<u>ঘটনার তারিখ ও সময়</u>
ইংরাজী-১৫-০৩-২০১৭,
প্রথম-সকাল ০৮টা প্রায়।
<u>দ্বিতীয়-ঐদিন সকাল ৯টা ০৫মিঃ প্রায়।</u>

উপরোক্ত বাদী নিবেদন করে যে,

১. বাদী ও আসামী পরষ্পর উপরোক্ত স্থানের স্থায়ী বাসিন্দা হইতেছি।

বাদী একজন সহজ, সরল ও শান্তিপ্রিয় এবং আইনমান্যকারী ব্যক্তি হইতেছি, অন্যদিকে আসামী অত্যন্ত বদমায়েশ, কুচক্রী, দাঙ্গাবাজ, অসৎ চরিত্রের ও পরসম্পদলোভী প্রকৃতির ব্যক্তি হইতেছেন।

Officer-in-Charge
Sutahata PS
Purba Medinipur

প্রথম ঘটনার তারিখ ও সময় পূর্ব আক্রোশ বশতঃ আসামী অধীনের বাড়িতে ঢুকে অধীনের স্ত্রী পম্পা মন্ডল একাকী থাকিবার সুযোগ লইয়া তাহার উপর চড়াও হয় ও জোরপূর্বক তাহাকে বিবস্ত্র করে তাহার ইচ্ছার বিরুদ্ধে তাহাকে ধর্ষন করিবার চেষ্টা করে। অধীনের স্ত্রীর চিৎকারে প্রতিবেশীরা ও সাক্ষীরা ছুটিয়া আসিলে আসামী ঘটনারস্থল ত্যাগ করিবার সময় হুমকি দেয় পুনরায় যেকোন সময় উক্ত ঘটনা ঘটাইবে। অধীনের স্ত্রী সমুহ ঘটনা অধীনকে জানায়।

দ্বিতীয় ঘটনার তারিখ ও সময়ে স্বগ্রামবাসী গৌতম দিন্ডার বাড়ির নিকট অধীন আসামীকে দেখিয়া কেন উক্তরূপ অপরাধমূলক কার্য্য করিয়াছে জিজ্ঞাসা করায় আসামী অধীনকে অশ্লীল ভাষায় গালাগালি সহ কুকুরের বাচ্চা, যা করেছি বেশ করেছি, আবার করিব বলিয়া হুমকি দেয় ও ইঁট ছুঁড়িয়া মারে ও ধাক্কা মারিয়া মাটিতে ফেলিয়া দিয়া ঘটনাস্থলের নিকট পড়িয়া থাকা একটি কাঠের বাটাম লইয়া সর্ব শরীরে মারধর করে ও মাথায় মারিয়া মাথা ফাটিয়া দিয়া রক্তাক্ত জখম করে। এমনকি চর, কিল লাথি ও মারে ও প্রানে মারিবার জন্য আসামী তাহার দুই হাত দিয়া অধীনের গলা টিপিয়া শ্বাসরোধ করিয়া মারিবার চেষ্টা করে। অধীনের চিৎকারে প্রতিবেশীরা ছুটিয়া আসিলে আসামী ঘটনাস্থল ত্যাগ করিবার সময় অধিনের গলা

হইতে একটি এক ভরি ওজনের সোনার হার (মূল্য প্রায় ত্রিশ হাজার টাকা) ছিনিয়া লইয়া পলায়ন করে।

ঐভাবে অধীনের স্ত্রীকে বিবস্ত্র করায় অধীনের স্ত্রী লজ্জিত, অপমানিত ও অসম্মানিত হইয়াছে। উক্তরূপ ভাবে অধীনকে মারধর করায় অধীনের শরীরে ব্যথা বেদনা হয় ও মাথা ফাটিয়া রক্তাক্ত জখম হয় এবং গলা প্রচন্ড ব্যথা হয় ও শ্বাস নিতে কষ্ট হয়। অধীনের চিকিৎসা সুতাহাটা ব্লক প্রাঃ স্বাস্থ্য কেন্দ্রে হয়। সমুহ ঘটনার যথেষ্ট সাক্ষ্য প্রমান রহিয়াছে।

অধীন সমুহ ঘটনা সুতাহাটা থানায় ৬০১ নং ডায়েরী মারফত জানাইয়াছি ও থানা কোন ব্যবস্থা না নেওয়ায় বাধ্য হইয়া এস.পি. পূর্ব মেদিনীপুরকেও জানাইয়াছি। কিন্তু কোন প্রতিকার পাই নাই। সেকারনে নালিশে বিলম্ব হইল।

আসামী ভারতীয় দন্ড বিধি আইনের ~~৪৪৮, ৩৫৪ (বি), ৩৭৬/৫১১, ৫০৪, ৫০৬, ৩২৩, ৩২৫, ৩৭৯~~ ধারা মতে অপরাধ করিয়াছে।

এমতাবস্থায় প্রার্থনা বাদীর অত্র অভিযোগপত্রটি এফ.আই.আর. গন্যে মামলা রুজু সহ তদন্ত করিবার জন্য ও. সি., সুতাহাটা থানাকে ফৌজদারী কার্য্যবিধি আইনের ১৫৬(৩) ধারা মতে নির্দেশ দানে সুবিচার করিতে আজ্ঞা হয়।

নিবেদন তাং 24.03.17

**সাক্ষী**

১। শ্রীমতি পম্পা মন্ডল
২। শ্রী মতি সন্ধ্যা ঘোষ,
৩। শ্রীমতি বিজলী দাস,
৪। শ্রীমতি নিয়তি দাস,
৫। শ্রীমতি রেখারানী দাস,
৬। শ্রীমতি মমতা দাস
৫। ও. সি. সুতাহাটা থানা,
৬। এস.পি. পূর্বমেদিনীপুর
এবং আরো অনেকে

সত্যপাঠ

উপরোক্ত বিবরন সমুহ আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য

সুপর্ণ মন্ডল

মোকাম অতিরিক্ত মুখ্য বিচার বিভাগীয় বিচাকর-২, হলদিয়া আদালত
এম. পি. নং--------/২০১৭

শ্রী স্বপন মন্ডল -----বাদী
বনাম
শ্রী নাডু অধিকারী ------আসামী

## হ ল ফ না মা

আমি শ্রী স্বপন মন্ডল, বয়স ৩৭ বছর, পিতা- মৃত গুরুপদ মন্ডল, সাং-গোবিন্দপুর, পোঃ-গোবিন্দপুর-বাজিতপুর, থানা-সুতাহাটা, জেলা-পূর্বমেদিনীপুর, পঃবঃ, ধর্ম-হিন্দু, পেশা-চাষবাস এতদ্বারা শপথ পূর্বক ঘোষনা করিতেছি যে,

১) আমি এই মামলার বাদী হইতেছি।
২) আমি এই মামলার বিষয়বস্তু লইয়া অন্য কোন আদালতে অভিযোগ করি নাই।
৩) আমার অভিযোগের ভিত্তিতে সংশ্লিষ্ট থানা কোন এফ.আই.আর. দায়ের করে নাই।
৪) আমি আমার উপরোক্ত বক্তব্যের সাপেক্ষে অত্র হলফনামা করিতেছি।
উপরোক্ত বিবরন আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য।

স্বপন মন্ডল
---------------------------------
হলফকারী
আমি জানি ও চিনি এবং আমার সাক্ষাতে সহি করিল।

28.03.17

DEPONENT IS IDENTIFIED AND HAS SIGNED THIS AFFIDAVIT ON OATH BEFORE ME ON THIS 28th DAY OF March 2017

NOTARY
Area of Practice Haldia Sub-Divn. Purba Medinipur
Regd. No.- 140/2007
KUMAR CHAKRABORTY

FILED ON 28 MAR

Sl. No. 6368/17
Date 28-03-17